

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৮৮

১/ বিবিধ

আরবী

أو حى الله عز وجل إلى داود النبي صلى الله عليه وسلم: يا داود! ما من عبد يعتصم بي دون خلقي، أعرف ذلك من نيته، فتكيدته السموات بمن فيها إلا جعلت له من بين ذلك مخرجا، وما من عبد يعتصم بمخلوق دوني أعرف منه نيته إلا قطعت أسباب السماء بين يديه وأرسخت الهوى من تحت قدميه، وما من عبد يطيعني إلا وأنا معطيه قبل أن يسألني، وغافر له قبل أن يستغفرني  
موضوع

أخرجه تمام الرازي في " الفوائد " ( 5 / 58 / 2 ) من طريق يوسف بن السفر عن الأوزاعي عن الزهري عن عبد الرحمن بن كعب بن مالك عن أبيه مرفوعا قلت: وهذا موضوع، المتهم به ابن السفر، فإنه ممن يضع الحديث كما تقدم. ولعله من الإسرائيليات التي تلقاها كعب بن مالك عن بعض مسلمة أهل الكتاب، ثم نسبه هذا الكذاب إلى رسول الله صلى الله عليه وسلم والحديث عزاه السيوطي في " الجامع " لابن عساكر وحده. وهذا قصور واضح، ولم يتكلم عليه شارحه المناوي  
بشيء

বাংলা

৬৮৮। আল্লাহ দাউদ (আঃ)-এর নিকট অহী করলেন, হে দাউদ কোন বান্দা আমার সৃষ্টিকে বাদ দিয়ে আমাকে আঁকড়ে ধরলে আমি তা তার নিয়্যাতেই বুঝে যাব। ফলে তাকে যদি আসমান তার সমস্ত কিছু সহ ঘিরে ফেলে তবুও সেসবের মধ্য হতে তার বের হওয়ার পথ করে দিব। কোন বান্দা আমাকে বাদ দিয়ে আমার সৃষ্টিকে আঁকড়ে ধরলে আমি তা তার নিয়্যাতেই বুঝে যাব। ফলে তার সামনে আমি আসমানের পথগুলোকে বিচ্ছিন্ন করে দিব আর মনোবৃত্তিকে তার দু' পায়ের নীচে গেথে দিব। কোন বান্দা যদি আমার আনুগত্য করে তাহলে আমার নিকট কিছু চাওয়ার আমি তাকে তা দিয়ে দিব এবং আমার কাছে ক্ষমা প্রার্থনা করার পূর্বেই আমি তাকে ক্ষমা করে দিব।

হাদীছটি জাল।

এটি তাম্মাম আর-রায়ী "আল-ফাওয়ায়েদ" (৫/৫৮/২) গ্রন্থে ইউসুফ ইবনুস সাফর হতে তিনি আওয়াঈ হতে তিনি যুহরী হতে ... বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ হাদীছটি বানোয়াট। ইবনুস সাফরকে মিথ্যার দোষে দোষী করা হয়েছে। কারণ তিনি হাদীছ জালকারীদের অন্তর্ভুক্ত। সম্ভবত এটি ইসরাঈলী বর্ণনা। কায়াব ইবনু মালেক কোন আহলে কিতাব হতে বর্ণনা করেছেন। অতঃপর এই মিথ্যুক নবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম)-এর উদ্ধৃতিতে বর্ণনা করেছেন। হাদীছটিকে সুযুতী "আল-জামে" গ্রন্থে উল্লেখ করেছেন। এটি তার ক্রটি। তার ভাষ্যকার মানবীও কোন মন্তব্য করেননি।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71567>

🔗 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন